গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ (সেবা) শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

পরিচালক
প্রশাসন
পরিঃ ও উন্নঃ
পি,আই,ইউ
পি,আই,ডব্লিউ
ভোকেশনাল
মহাপরিচালক
তারিখ

বিষয় : শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রতিপালিত বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস/অনুষ্ঠান উদ্‌যাপন সংক্রান্ত বর্ষপঞ্জি প্রণয়নের লক্ষ্যে ০৭-০৯-২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. অরুণা বিশ্বাস, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), শিক্ষা মন্ত্রণালয়।
সভার তারিখ : ০৭-০৯-২০১৬ খ্রিস্টাব্দ
সময় : বিকাল ৩:০০ মিনিট
স্থান : শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-১৮১৫, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

সভায় উপস্থিতি : 'পরিশিষ্ট-ক'-তে সংযুক্ত ।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, বিগত ০৯-০৮-২০১৬ তারিখে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন জাতীয় দিবস/অনুষ্ঠান উদ্‌যাপন সংক্রান্ত বর্ষপঞ্জি প্রণয়ন বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছিল। উক্ত সভায় বর্ষপঞ্জি প্রণয়নের লক্ষ্যে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন এর সচিব জনাব মো: মনজুর হোসেন-কে আহ্বায়ক করে ০৪ (চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত আহ্বায়ক কমিটি বর্ষপঞ্জি প্রণয়ন করেছে।

৩.০ সভায় আহ্বায়ক কমিটি কর্তৃক প্রণীত বিভিন্ন জাতীয়/আন্তর্জাতিক দিবস/অনুষ্ঠান উদ্‌যাপন সংক্রান্ত বর্ষপঞ্জি-২০১৭ এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং তা নিম্নোক্তভাবে চূড়ান্তকরণে একমত পোষণ করা হয় :

## বর্ষপঞ্জি-২০১৭

### (ক) সরকার কর্তৃক নির্ধারিত তারিখে বিভিন্ন জাতীয় দিবসের অনুষ্ঠান

| নং | অনুষ্ঠানের নাম | নির্ধারিত তারিখ | অনুষ্ঠানের বিবরণ | আয়োজনে |
|---|---|---|---|---|
| ০১ | শহিদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি | শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন। | শিক্ষা মন্ত্রণালয় ও আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট |
| ০২ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস | ১৭ মার্চ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করাসহ আলোচনা সভা/শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠান/প্রতিযোগিতার আয়োজন। | শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল প্রতিষ্ঠান |
| ০৩ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ | জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ এবং জাতীয় কর্মসূচিতে অংশগ্রহণ। | শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল প্রতিষ্ঠান |
| ০৪ | জাতীয় ক্রীড়া দিবস | ০৪ এপ্রিল | দিবসটি উপলক্ষে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া সমিতি |
| ০৫ | ওয়ার্ল্ড বুক এ্যান্ড কপিরাইট দিবস | ২৩ এপ্রিল | জাতীয় পর্যায়ে আলোচনা সভা/সেমিনার/সিম্পোজিয়াম | বি.এন.সি.ইউ. এবং সেকায়েপ প্রকল্প। |
| ০৬ | রবীন্দ্র জয়ন্তী | ২৫ বৈশাখ | বিদ্যালয় পর্যায়ে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনী নিয়ে আলোচনা ও রবীন্দ্র সংগীত উৎসব | শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল প্রতিষ্ঠান (দায়িত্বে- সংগীত মহাবিদ্যালয়) |

চলমান পাতা-২

Shamsul Alam, Assistant Secretary, Admin-2

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | নজরুল জয়ন্তী | ১১ জ্যৈষ্ঠ | বিদ্যালয় পর্যায়ে নজরুল ইসলামের জীবনী নিয়ে আলোচনা ও নজরুল সংগীত উৎসব | শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল প্রতিষ্ঠান (দায়িত্বে- সংগীত মহাবিদ্যালয় |
| ০৮ | বিশ্ব পরিবেশ দিবস | ০৫ জুন | শিক্ষার্থীদের প্রতিষ্ঠান ও ব্যক্তিগত পর্যায়ে পরিবেশ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে পরিবেশ দিবস পালন | শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল প্রতিষ্ঠান |
| ০৯ | আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস | ২৩ জুন | সুষ্ঠু প্রশাসন পরিচালনার মাধ্যমে সমাজের সকল স্তরে সুশাসন প্রতিষ্ঠা এবং জনসেবা জনগণের দোরগোড়ায় পৌছে দেয়ার জন্য শিক্ষা প্রশাসনের সকল স্তরের অফিসে আলোচনা অনুষ্ঠানের আয়োজন। | শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল প্রতিষ্ঠান |
| ১০ | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করাসহ আলোচনা সভা/অনুষ্ঠানের আয়োজন। | শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল প্রতিষ্ঠান |
| ১১ | বিশ্ব শিক্ষক দিবস | ০৫ অক্টোবর অথবা সুবিধামতো সময়ে | আলোচনা সভা | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদরাসা শিক্ষা অধিদপ্তর এবং বি.এন.সি.ইউ। |
| ১২ | বিজয় দিবস | ১৬ ডিসেম্বর | জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ এবং জাতীয় কর্মসূচিতে অংশগ্রহণ | শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল প্রতিষ্ঠান |

## (খ) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত তারিখে বিভিন্ন অনুষ্ঠান

| নং | অনুষ্ঠানের নাম | পর্যায় | নির্ধারিত তারিখ | অনুষ্ঠানের বিবরণ | আয়োজনে |
|---|---|---|---|---|---|
| ০১ | ৪৬তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা | জেলা পর্যায়ে | ০২/০১/২০১৭-০৫/০১/২০১৭ | দেশের সকল মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া সমিতি |
| | | উপ-অঞ্চল পর্যায়ে | ০৭/০১/২০১৭-১০/০১/২০১৭ | | |
| | | অঞ্চল পর্যায়ে | ১২/০১/২০১৭-১৪/০১/২০১৭ | | |
| | | জাতীয় পর্যায়ে | ১৬/০১/২০১৭-২১/০১/২০১৭ | | |
| ০২ | পাঠ্য পুস্তক দিবস | সকল শিক্ষা প্রতিষ্ঠান/ জাতীয় পর্যায় | ১ জানুয়ারি | সারা দেশের সকল মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের মাঝে নতুন বছরের পাঠ্যপুস্তক বিতরণ এবং কেন্দ্রীয়ভাবে উদ্‌যাপন | শিক্ষা মন্ত্রণালয় একং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |

চলমান পাতা-৩

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৩ | জাতীয় শিক্ষা সপ্তাহ | স্কুল পর্যায়ে | ২৩/০১/২০১৭-২৯/০১/২০১৭ | দেশের প্রতিটি মাধ্যমিক স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন ক্ষেত্রে শ্রেষ্ঠ শিক্ষক, শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ জেলা শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ স্কাউট, গার্ল গাইড, রোভার, রেঞ্জার, বি.এন.সি.সি. স্কাউট গ্রুপ ইত্যাদি ক্ষেত্রে অবদানের স্বীকৃতি প্রদান। | শিক্ষা মন্ত্রণালয় ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| | | উপজেলা/ থানা পর্যায়ে | ৩১/০১/২০১৭-০২/০২/২০১৭ | | |
| | | জেলা পর্যায়ে | ০৪/০২/২০১৭-০৬/০২/২০১৭ | | |
| | | বিভাগীয় পর্যায়ে | ০৮/০২/২০১৭-১০/০২/২০১৭ | | |
| | | জাতীয় পর্যায়ে | ১৪/০২/২০১৭-১৬/০২/২০১৭ | | |
| ০৪ | সৃজনশীল মেধা অন্বেষণ | উপজেলা/ থানা পর্যায়ে | ০৬/০৩/২০১৭-০৯/০৩/২০১৭ | দেশব্যাপি সকল শিক্ষা প্রতিষ্ঠানে ৪টি বিষয়ে (ভাষা ও সাহিত্য, বিজ্ঞান, গণিত ও কম্পিউটার এবং বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ) প্রতিযোগিতার আয়োজন করা | শিক্ষা মন্ত্রণালয় ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| | | জেলা পর্যায়ে | ১৩/০৩/২০১৭-১৪/০৩/২০১৭ | | |
| | | ঢাকা মহানগর | ১৬/০৩/২০১৭ | | |
| | | বিভাগীয় পর্যায়ে | ১৮/০৩/২০১৭ | | |
| | | জাতীয় পর্যায়ে | ২৭/০৩/২০১৭ | | |
| ০৫ | ৪৬তম গ্রীস্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা | স্কুল পর্যায়ে | ১৬/০৮/২০১৭-২০/০৮/২০১৭ | দেশের সকল মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া সমিতি |
| | | উপজেলা/ থানা পর্যায়ে | ২২/০৮/২০১৭-২৯/০৮/২০১৭ | | |
| | | জেলা পর্যায়ে | ০২/০৯/২০১৭-০৫/০৯/২০১৭ | | |
| | | উপ-অঞ্চল পর্যায়ে | ০৮/০৯/২০১৭-১০/০৯/২০১৭ | | |
| | | অঞ্চল পর্যায়ে | ১৩/০৯/২০১৭-১৫/০৯/২০১৭ | | |
| | | জাতীয় পর্যায়ে | ০১/১০/২০১৭-০৫/১০/২০১৭ | | |

৪.০ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

<u>সিদ্ধান্তসমূহ :</u>

৪.১ উপরের ০৩ নং অনুচ্ছেদে বর্ণিত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রতিপালিত বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস/অনুষ্ঠান উদ্‌যাপন সংক্রান্ত বর্ষপঞ্জি চূড়ান্ত করা হলো;

৪.২ ব্যানবেইস বর্ণিত বর্ষপঞ্জি সর্বমোট ৫০,০০০ (পঞ্চাশ হাজার) কপি মুদ্রণ করে তা শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল প্রতিষ্ঠানে বিতরণের ব্যবস্থা নেবে;

৪.৩ নির্ধারিত বাজেটের মধ্যেই সকল অনুষ্ঠান সম্পন্ন করা হবে ; এবং

৪.৪ সভায় গৃহীত সিদ্ধান্ত মাননীয় মন্ত্রীর সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

৫.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৮/০৯/২০১৬
(ড. অরুণা বিশ্বাস)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

চলমান পাতা-৪

*Shamsul Alam, Assistant Secretary, Admin-2*

তারিখ ঃ ৩১ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

নং-৩৭.০০.০০০০.০৬২.০৪.০০২.১৬-১৭৬৪

অনুলিপি সদয় ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. অতিরিক্ত সচিব (সকল), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৫. চেয়ারম্যান,বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ),নায়েম ক্যাম্পাস, নিউমার্কেট, ঢাকা।
৬. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, জাতীয় স্কাউট ভবন (১৪তম তলা), কাকরাইল, ঢাকা।
৭. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী(নায়েম), নিউমার্কেট, ঢাকা।
৮. মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট, ঢাকা।
৯. যুগ্মসচিব (প্রশাসন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. যুগ্মসচিব (বাজেট), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ও সভাপতি, আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি।
১৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
১৫. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১৬. পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী-নীলক্ষেত,ঢাকা।
১৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশন, পলাশী-নীলক্ষেত,ঢাকা।
১৯. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২০. মহাসচিব, বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন, গাইড হাউস, নিউ বেইলী রোড, ঢাকা।
২১. উপ-পরিচালক, শারীরিক শিক্ষা, শিক্ষা ভবন, ঢাকা।
২২. উপ-পরিচালক-২, মনিটরিং অ্যান্ড ইভালুয়েশান উইং, শিক্ষা ভবন, ঢাকা।

১৫/০৯/১৬

(মোঃ শামসুল আলম)
সহকারী সচিব (সেবা)
ফোন ঃ ৯৫৫৮৫৫১
email:as.admin2@moedu.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৩.৩২.০১২.১৬- ৫০৬ তারিখ ঃ ০২ অক্টোবর, ২০১৬খ্রিঃ।

বিষয় ঃ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রতিপালিত বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস/অনুষ্ঠান উদ্‌যাপন সংক্রান্ত বর্ষপঞ্জি প্রণয়নের লক্ষ্যে ০৭-০৯-২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬২.০৪.০০২.১৬-১৭৬৪, তারিখ ঃ ১৫ সেপ্টেম্বর ২০১৬খ্রিঃ মোতাবেক প্রদত্ত পত্রখানা সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের নিমিত্ত পৃষ্ঠাংকন করে প্রেরণ করা হ'ল।

১-৪ । পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/পিআইইউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫-৮ । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।
৯-৫৯ । অধ্যক্ষ, -----------------------------------পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাসএন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
৬০ । জনাব মোঃ শামসুল আলম, সহকারী সচিব (সেবা), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬১-১২৪ । অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, -------------------------------------।
১২৫ । সংযুক্ত কর্মকর্তা, ICT সেল, পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১২৬ । পিএ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২৭ । নথি।

(ড. শেখ আবু রেজা)
পরিচালক (পিআইডব্লিউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

E:\Nandi All File\ALL DTE\MINISTRY-2016\Andous\Andous.doc